



তথ্যবিবরণী

নম্বর-২৫৬

যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রে তথ্য অধিকার আইনের বিধি-বিধান অবহিতকরণ সভা অনুষ্ঠিত

রাজশাহী; ৩০ বৈশাখ (১৩ মে) :

আজ সোমবার (১৩ মে) বেলা এগারোটায় রাজশাহী আঞ্চলিক তথ্য অফিস (পিআইডি) ঘোড়ামারাত্ত রাজশাহী যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রে তথ্য অধিকার আইনের বিধি-বিধান অবহিতকরণের জন্য এক সভার আয়োজন করে। সভায় যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ গ্রহণকারী বেকার যুবক ও যুব মহিলারা অংশগ্রহণ করে।

অবহিতকরণ সভায় রাজশাহী পিআইডির উপপ্রধান তথ্য অফিসার মো: তৌহিদুজ্জামান তথ্য অধিকার আইনের বিধি-বিধান বিষয়ে একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনা করেন।

পরে অংশগ্রহণকারীদের তথ্য অধিকার আইন বিষয়ক বিভিন্ন প্রশ্নের জবাব প্রদান করা হয়।

অন্যান্যের মধ্যে যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক এ.টি.এম. গোলাম মাহবুব, পিআইডির সিনিয়র তথ্য অফিসার মো: আতিকুর রহমান শাহ্, তথ্য অফিসার মো: আরিফ হোসাইন এবং প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষকগণ বক্তৃতা করেন।

.....  
তৌহিদ/আতিক/আরিফ/রুহুল/২০২৪/১৬:০০ ঘ.